গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়,
সালথা, ফরিদপুর
(www.saltha.faridpur.gov.bd)

সেপ্টেম্বর/২০২২ মাসে অনুষ্ঠিত উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি : মোছাঃ তাছলিমা আকতার
উপজেলা নির্বাহী অফিসার
সালথা, ফরিদপুর।

সভার তারিখ : ২৭/০৯/২০২২ খ্রিঃ।

সময় : সকাল ১০:৩০ ঘটিকা

সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলনকক্ষ।

উপস্থিতি : পরিশিষ্ট-ক (স্বাক্ষরের ক্রমানুসারে)।

অনুপস্থিত সদস্য : পরিশিষ্ট-খ

সভাপতি মহোদয় উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতে বিগত মাসের সভার কার্যবিবরণী পাঠ করা হয় এবং কার্যবিবরণীতে কোন সংশোধন/সংযোজন না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়। সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকলকে জানান সারা দেশে করোনার প্রকোপ কমে গেছে, সালথা উপজেলায় এর প্রকোপ যাতে আর না বাড়ে তার জন্য ব্যবস্থা গ্রহণ করা করতে হবে সকলকে সচেতন থাকতে হবে। সকলকে স্বাস্থ্যবিধি মেনে সামাজিক দুরত্ব বজায় রেখে চলাচলসহ জনসাধারণের মধ্যে মোটিভেশনাল কার্যক্রমের প্রচার প্রচারণা চালানোর জন্য সকলকে অনুরোধ করেন। তিনি সালথা সকল শ্রেণীপেশার মানুষকে আইন মেনে চলার এবং কাইজা,দাংগা হতে দুরে থাকার অনুরোধ জানান। এ বিষয়ে আইন শৃংখলা বাহিনীর পাশাপাশি ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে ভূমিকা রাখার জন্য অনুরোধ জানান। ইউনিয়ন পর্যায়ে আইনশৃংখলা কমিটির সভা নিয়মিতভাবে করা এবং বাল্য বিবাহ নিরোধ, মানব পাচার বিষয় সতর্ককরণ, জন্মনিবন্ধনের বয়স হাতে লেখা স্কুল সাটির্ফিকেট দিয়ে কমানো যাবে না, গ্রামের বিভিন্ন সমস্যা সমাধানের জন্য গ্রাম আদালত চালু করার জন্য ইউপি চেয়ারম্যানদের অনুরোধ জানান। তিনি গ্রাম আদালতকে শক্তিশালী করার জন্য ইউপি চেয়ারম্যানদের অনুরোধ জানান। তিনি শিক্ষকদেরকে তাদের প্রতিষ্ঠানের ছাত্রীরা কেনা স্কুলে আসে না তার খোজখবর নেয়ার অনুরোধ জানান। তিনি ভূয়া অনুমোদন বিহীন ডায়াগনস্টিক সেন্টার এর বিরুদ্ধে হুশিয়ারি উচ্চারণ করেন। ইতিমধ্যে বেশ কিছু ডায়াগনস্টির সেন্টার বন্ধ করা হয়েছে।

সালথা উপজেলার আগস্ট /২০২২ মাসের অপরাধচিত্র

| খুন | মানব পাচার | নারী নির্যাতন | দ্রুত বিচার | সিঁধেল চুরি ডাকাতি | ধর্ষণ | ডিজিটাল নিরাপত্তা | দস্যুতা | জুয়া/পর্ণগ্রাফি/ এসিড/অস্ত্র আইন | সড়ক দুর্ঘটনা | অন্যান্য খাতের মামলা | মাদক দ্রব্য আইন | অস্ত্র | সর্বমোট মামলা |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| - | - | ০৫ | - | ০৩ | - | ০১ | ০১ | - | - | ২০ | - | - | ৩০ |

আগস্ট /২০২২ মাসের ভ্রাম্যমাণ আদালত পরিচালনা সংক্রান্ত তথ্য

| অফিস/বিভাগ | মোবাইল কোর্টের সংখ্যা | মামলার সংখ্যা | আদায়কৃত জরিমানা | আসামীর সংখ্যা | কারাদন্ড প্রাপ্ত | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় | ০৩টি | ৩টি | ৩৫,০০০/- | - | | |
| সহকারী কমিশনার (ভূমি) | | | | - | | - |

জুলাই /২০২২ মাসে গ্রাম আদালত পরিচালনা সংক্রান্ত তথ্য

| ইউনিয়নওয়ারি | পূর্ববর্তী মাসের জের | বিবেচ্য মাসে দায়েরকৃত মামলার সংখ্যা | মোট মামলার সংখ্যা | বিবেচ্য মাসে নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা | অনিষ্পন্ন মামলার সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| রামকান্তপুর | ০৪ | ০৩ | ০৭ | ০৫ | ০২ | |
| যদুনন্দী | ০৪ | ০২ | ০৬ | ০৪ | ০২ | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| গট্টি | ০৩ | ০৪ | ০৭ | ০৫ | ০২ | |
| ভাওয়াল | ০৪ | ০৩ | ০৭ | ০৪ | ০৩ | |
| সোনাপুর | ০৩ | ০২ | ০৫ | ০৩ | ০২ | |
| আটঘর | ০২ | ০২ | ০৪ | ০২ | ০২ | |
| মাঝারদিয়া | ০৩ | ০৩ | ০৬ | ০৪ | ০২ | |
| বল্লভদী | ০২ | ০৩ | ০৫ | ০৩ | ০২ | |
| মোট | ২৫ | ২২ | ৪৭ | ৩০ | ১৭ | |

১.০০। **বিস্তারিত আলোচনার পর সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় ঃ**

| আলোচনার বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| **০১.উপজেলার অপরাধচিত্র পর্যালোচনাঃ**<br>সালথা থানা কর্তৃক সরবরাহকৃত উপজেলার তুলনামূলক অপরাধচিত্র পর্যালোচনায় দেখা জুলাই/২০২২ মোট মামলা ছিল ২৮ টি এর তুলনায় আগস্ট /২২ মাসে মোট মামলা ৩০ টি। মামলার হার তুলনায় সার্বিক ভাবে অপরাধের ঘটনা গত মাসের চেয়ে বেশি আছে। | ➤ ধর্ষণ/নারী নির্যাতন প্রতিরোধ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>➤ দ্রব্যমূল নিয়ন্ত্রণ,হোটেলসমূহে খোলা বাসি পঁচা অস্বাস্থ্যকর ভেজাল খাদ্যদ্রব্যের বিরুদ্ধে মোবাইল কোর্টের কার্যক্রম জোরদার করতে হবে।<br>➤ মাদক নির্মূলের জন্য পুলিশ বিভাগকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।<br>➤ সন্ত্রাস,চাঁদাবাজি,টেন্ডারবাজি,মাদকসেবন ও ব্যবসায়ী ইত্যাদি অপরাধমূলক কার্যক্রমের সাথে জড়িতদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ অব্যাহত রাখতে হবে। করোনায় মাদকদ্রব্যের অপব্যবহার, খুন, ডাকাতি ইত্যাদি কার্যকরভাবে নিয়ন্ত্রণে রাখার জন্য চলমান কার্যক্রমকে আরও গতিশীল করতে হবে।<br>➤ কিশোর গ্যাংদের অপতৎপরতা নিয়ন্ত্রণে আইন-শৃঙ্খলা বাহিনীকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১. অফিসার ইন চার্জ,সালথা থানা, ফরিদপুর।<br>২. উপজেলা প্রশাসন ও অফিসার ইন চার্জ ,সালথা থানা<br>৩. -ঐ-<br>৪. উপজেলা প্রশাসনও অফিসার ইন চার্জ , সালথা থানা।<br>৫. অফিসার ইন চার্জ,সালথা থানা। |
| **০২. আইন-শৃঙ্খলা রক্ষা, সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ ঃ**<br>সার্বিকভাবে আইন-শৃঙ্খলা রক্ষা, সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ বিষয়ে আলোচনা হয়। | ➤ ড্রেজার দিয়ে অবৈধভাবে বালি উত্তোলনকারীদের বিরুদ্ধে উপজেলা নির্বাহী অফিসার এবং সহকারী কমিশনার (ভূমি) নিয়মিত অভিযান/মোবাইল কোর্টের কার্যক্রম অব্যাহত রাখবেন। | ১. ইসলামিক ফাউন্ডেশন, সালথা,ফরিদপুর<br>২. উপজেলা নির্বাহী অফিসার এবং সহকারী কমিশনার (ভূমি),সালথা,ফরিদপুর। |
| ১। চেয়ারম্যান বল্লভদী ইউপি জানান তার ইউনিয়নের ভিতর দিয়ে বিশ্বরোড ও অপর পাড়ে মকসুদপুর উপজেলা হওয়ায় ভ্যান চুরি,গরু চরি, মোটরসাইকেল চুরির সাথে জড়িতরা চুরি করে পালিয়ে যায় । এছাড়াও ইউনিয়ানের চেয়ারম্যান বলেন নারী নির্যাতন ও বাল্য বিবাহ বাউশখালী বাজারে প্রচুর পরিমান মাদক বিক্রয় হয় । এই বিষয় প্রয়োজনী ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। তার এলাকায় শান্তি শৃংখলা বজায় রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্টদের প্রতি অনুরোধ জানান।<br>২। চেয়ারম্যান মাঝারদিয়া জানান তার ইউনিয়নের আইন শৃংখলা পরিস্থিতি | ➤ ধর্মীয় সভাসহ যে কোন ধরনের সভা-সমাবেশে জনসমাগম এড়াতে এ ধরনের অনুষ্ঠান থেকে বিরত রাখার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>➤ অফিসার ইন চার্জ এ বিষয়ে প্রয়োজনীয় আইনুগ ব্যবস্থা গ্রহণ করবেন।<br>➤ বিভিন্ন অনুষ্ঠানে লোকসমাগম এড়াতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য কমিউনিটি সেন্টারের মালিকদেরকে অনুরোধ জানাতে হবে।<br>➤ আবাসিক এলাকায় গ্যাস সিলিন্ডার/পেট্রোল বোতল বিক্রয় নিয়ন্ত্রণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। দুর্ঘটনা এড়াতে আবাসিক এলাকায় অটোচার্জ না দেয়ার জন্য অনুরোধ করা হয়। স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স,পল্লী বিদ্যুৎ সালথা, ফরিদপুর আগামী | ১. উপজেলা প্রশাসন ও অফিসার ইন চার্জ ,সালথা ও ইউপি চেয়ারম্যান সকল<br>২. উপজেলা প্রশাসন ও অফিসার ইন চার্জ ,সালথা ফরিদপুর।<br>৩. উপজেলা প্রশাসন ও অফিসার ইন চার্জ ,সালথা ও চেয়ারম্যান সকল<br>৪. স্টেশন অফিসার,ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, সালথা,ফরিদপুর। |

| | | |
|---|---|---|
| মোটামুটি ভাল।<br>৩। চেয়ারম্যান আটঘর ইউপি জানান তার ইউনিয়নের আইন শৃংখলা পরিস্থিতি মোটামুটি ভাল।<br>৪। চেয়ারম্যান ভাওয়াল ইউপি জানান তার ইউনিয়নে আইন শৃংখলা পরিস্থিতি বর্তমানে নিয়ন্ত্রণে আছে। কিছু যায়গা জুয়া খেলা চলে তার নিয়ন্ত্রণ করা প্রয়োজন।<br>৫। চেয়ারম্যান, রামকান্তপুর ইউপি জানান তার ইউনিয়নে আইন শৃংখলা পরিস্থিতি বর্তমানে নিয়ন্ত্রণে আছে। তিনি যাতে সকলের সহযোগিতায় তার পরিষদ সুষ্ঠু সুন্দর ভাবে পরিচালনা করতে পারেন সে জন্য সকলের প্রতি অনুরোধ জানান।<br>৬। জনাব শেখ সাদিক ,অফিসার ইন চার্জ সালথা থানা জানান সালথা প্রকৃতি খুব সুন্দর কিন্তু কিছু মানুষের মন ভাল না থাকায় সামান্য কারণে কাইজা দাংগা বাধানো হচ্ছে যা খুবই দুঃখজনক। তিনি গ্রামে একশ্রেণীর মাতুব্বরদের সাবধান করে বলেন গ্রামে ভাল কাজে আমার সহযোগিতা পাবেন। বিশৃংখলা করলে তিনি কাউকে ছাড় দিবেন না। চুরির ঘটনায় তিনি বলেন পুলিশ সার্বক্ষণিক ডিউটিতে আছে ।প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া হচ্ছে। সরকার অস্ত্র দিয়েছে প্রয়োজনীয় ক্ষেত্রে ব্যবহার করার জন্য। তার সবসময় সংযম প্রদর্শন করেন। তিনি আরো বলেন থানার দরজা সব সময় খোলা আছে তিনি সকলে ভাল কাজে সহযোগিতা করতে প্রস্তুত । তিনি আইনশৃংখলা পরিস্থিতি নিয়ন্ত্রণে সকলের সহযোগিতা কামনা করেন।<br>৭। প্যানেল চেয়ারম্যান, উপজেলা পরিষদ জানান সালথা উপজেলার আইনশৃংখলা রক্ষায় তিনি সর্বোচ্চ চেস্টা করে যাচ্ছেন। তিনি দলাদলি উর্দ্ধে থেকে এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। | আইন-শৃঙ্খলা কমিটির সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কিত প্রতিবেদন প্রেরণ নিশ্চিত করবেন।<br>➢ খাস জমিতে সরকারের দখল নিয়ন্ত্রণ ও অবৈধ দখলদারদের বিরুদ্ধে আইনানুগ কার্যক্রম গ্রহণ করতে হবে।<br>➢ সালথা বাজারে ইজিবাইক/মাহিন্দ্র চলাচল নিয়ন্ত্রণে পুলিশ বিভাগের সহযোগিতায় ইউনিয়ন পরিষদ,রামকান্তপুর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।<br>➢ মসজিদ, মন্দির, গির্জায় ধর্মীয় নেতৃবৃন্দ অনুরুপভাবে মাস্ক ব্যবহার, হ্যান্ড স্যানিটাইজার ব্যবহারে জনসাধারনকে ধর্মীয় ব্যাখ্যার মাধ্যমে উৎসাহিত করবেন।<br>➢ বেসরকারি হাসপাতাল/ক্লিনিক ও ডায়াগনস্টিক সেন্টারগুলোতে মানসম্মত চিকিৎসা সেবা নিশ্চিত করতে মোবাইল কোর্ট কার্যক্রম অব্যাহত রাখতে হবে। সাধারন রোগীদের চিকিৎসা সেবা নিশ্চিত করতে হবে।<br>➢ রামকান্তপুর,যদুনন্দী,মাঝারদিয়া,গট্টি,ভাওয়াল ইউনিয়নসহ সকল ইউনিয়নের আইন শৃংখলা নিয়ন্ত্রণে রাখার ব্যবস্থা গ্রহণ করতে হবে। ইউপি চেয়ারম্যানগণকে নিয়মিত আইন শৃংখলাসহ সকল সভা করবেন প্রয়োজনে তিনি ও উর্ধতন কর্তৃপক্ষ উপস্থিত থাকবেন এবং কার্যবিবরণী প্রেরণ করবেন। | ৫. উপজেলা নির্বাহী অফিসার এবং সহকারী কমিশনার (ভূমি),সালথা,ফরিদপুর।<br>৬. অফিসার ইন চার্জ,সালথা ও চেয়ারম্যান সকল<br>৭. ইসলামিক ফাউন্ডেশন,সালথা,ফরিদপুর<br>৮. উপজেলা নির্বাহী অফিসার এবং সহকারী কমিশনার (ভূমি),সালথা,ফরিদপুর।<br>৯. অফিসার ইন চার্জ ,সালথা ও সকল ইউপি চেয়ারম্যান।<br>১০. অফিসার ইন চার্জ ,সালথা ও সকল ইউপি চেয়ারম্যান। |

| | | |
|---|---|---|
| **০১. মাদকদ্রব্যের নিয়ন্ত্রণ**<br>মাদকদ্রব্যের নিয়ন্ত্রণ এবং মাদক ব্যবসা প্রতিরোধের বিষয়ে আলোচনা করা হয়। | ➢ প্রতিটি ইউনিয়নের ওয়ার্ড পর্যায় থেকে মাদকের বিরুদ্ধে সচেতনতা গড়ে তুলতে মোটিভেশনাল কার্যক্রম গ্রহণ করতে হবে।<br>➢ আইন-শৃঙ্খলা বাহিনীর নজরদারীর বাইরে থাকা মাদক বিক্রয়কারীদেরও গোয়েন্দা নজরদারীর মাধ্যমে সনাক্ত করে আইনের আওতায় আনতে হবে।<br>➢ নির্বাহী ম্যাজিস্ট্রেটগণ নিয়মিতভাবে মাদকদ্রব্য নিয়ন্ত্রণে মোবাইল | ১. উপজেলা নির্বাহী অফিসার, ইউপি চেয়ারম্যান (সকল)<br>২. উপজেলা প্রশাসন ও অফিসার ইন চার্জ ,সালথা থানা।<br>৩. উপজেলা নির্বাহী অফিসার এবং সহকারী কমিশনার (ভূমি),সালথা,ফরিদপুর |
| **০২. জঙ্গিবাদ বিষয়ক আলোচনা:** সভায় জঙ্গিবাদ সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয়। | ➢ জঙ্গিবাদ প্রতিরোধে ইউনিয়ন পর্যায়ে গঠিত কমিটির সভা নিয়মিত করতে হবে এবং কার্যবিবরণী প্রেরণ নিশ্চিত করতে হবে।<br>➢ জঙ্গিবাদ বিরোধী আন্দোলনকে জাতীয় ঐক্যের মাধ্যমে সামাজিক আন্দোলনে রূপ দিতে মোটিভেশনাল কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br>➢ করোনাকে কেন্দ্র করে গুজব, ধর্মীয় উস্কানি ও মিথ্যাচারের বিষয়ে জনগনকে সচেতন করতে হবে। | ১. অফিসার ইন চার্জ ,সালথা থানা, ফরিদপুর।<br>২. উপজেলা প্রশাসনও অফিসার ইন চার্জ ,সালথা থানা<br>৩. ইসলামিক ফাউন্ডেশন, সালথা,ফরিদপুর। |
| **০৩. সড়ক/ মহাসড়কের পাশে অবৈধ দখলদার উচ্ছেদঃ**<br>সড়ক মহাসড়কের পাশের অবৈধ স্থাপনা উচ্ছেদ কার্যক্রমেরবিষয়ে আলোচনা হয়। | ➢ সড়ক এলাকায় গাড়ী পার্কিং ,ব্যস্ত রাস্তার উভয় পার্শ্বের ফুটপাত অবৈধ দখলমুক্ত রাখতে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।<br>➢ রাস্তায় যত্রতত্র নির্মান সামগ্রী ফেলে ফুটপাত ব্যবহার অনুপযোগী করায় দখলমুক্ত করতে প্রশাসন কর্তৃক অভিযান পরিচালনা করতে হবে।<br>➢ এটি একটি দীর্ঘদিনের সমস্যা সরকারিভাবে সরকারি জমি অবৈধদখলমুক্ত করে সংশ্লিষ্টদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেয়ার নির্দেশনা আছে। দখলমুক্ত করার অভিযান অব্যহত আছে। | ১. উপজেলা প্রশাসনও অফিসার ইন চার্জ ,সালথা থানা<br>২. উপজেলা প্রশাসনও অফিসার ইন চার্জ ,সালথা থানা<br>৩. উপজেলা নির্বাহী অফিসার এবং সহকারী কমিশনার (ভূমি),সালথা,ফরিদপুর। |
| **০৪.বাল্য বিবাহ প্রতিরোধ** | ➢ বয়স বাড়িয়ে এ্যাফিডেভিট সম্পাদনের মাধ্যমে বাল্যবিবাহে সহায়তাকারীর বিরুদ্ধে কোন অভিযোগ প্রমানিত হলে তাঁর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>➢ অনলাইন জন্ম সনদ ছাড়া অন্য কোন জন্ম সনদ নিকাহ রেজিষ্টারগণ গ্রহণ করবেন না এবং এ বিষয়টি যাঁচাই করে বিবাহ রেজিষ্ট্রি করতে হবে।<br>➢ উপজেলা নির্বাহী জানান, নিকাহ রেজিস্টার অনেক বিবাহ রেজিস্ট্রী করে এক বছর গোপন রাখে পরে প্রকাশ করে।তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া অনুরোধ জানান। | ১. উপজেলা প্রশাসনও ইউপি চেয়ারম্যান(সকল)<br>২. সাব-রেজিস্টার, সালথা,ফরিদপুর। |
| **০৫. মানব পাচার প্রতিরোধ** | ➢ মানব পাচার রোধে আইনের কঠোর প্রয়োগের পাশাপাশি ধর্মীয় মূল্যাবোধের ব্যাপক প্রচার ও প্রসার অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে হবে।<br>➢ মানব পাচারের মতো নিষিদ্ধঘোষিত জঘন্যতম ঘৃণ্যতর অপরাধের সঙ্গে সংশ্লিষ্ট ব্যক্তিদের চিহ্নিত করে আইনের মাধ্যমে কঠোর শাস্তির ব্যবস্থা করতে হবে। | ১. উপজেলা নির্বাহী অফিসার, ইউপি চেয়ারম্যান (সকল)<br>২. উপজেলা প্রশাসন ও অফিসার ইন চার্জ ,সালথা থানা।<br>৩. উপজেলা নির্বাহী অফিসার এবং সহকারী কমিশনার (ভূমি),সালথা,ফরিদপুর |

| ০৬. বিবিধঃ | ➢ ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি, সালথা,ফরিদপুর সভায় অবৈধ সংযোগের কারণে যে কোন সময় দুর্ঘটনা ঘটতে পারে। এ বিষয়ে সকলকে সজাগ থাকার জন্য অনুরোধ জানান।<br>➢ বিদ্যুতের লোড শেডিং সিডিউল অনুযায়ী কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>➢ ডেপুটি জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি, সালথা জানান বিভিন্ন জায়গায় বৈদ্যুতিক মালামাল চুরি হচ্ছে। এ বিষয়ে আইনশৃংখলা বাহিনীকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান।<br>➢ করোনা ভাইরাস সংক্রমণ প্রতিরোধে উপজেলা প্রশাসন, পুলিশ বিভাগ, রাজনৈতিক নেতৃবৃন্দ, জনপ্রতিনিধিগণকে সামাজিক নিরাপদ দুরত্ব বজায় রাখাসহ স্বাস্থ্য সচেতনতা রক্ষায় অব্যাহতভাবে মোটিভেশনাল কার্যক্রমে প্রচার প্রচারণা জোরদার করতে হবে<br>➢ বিদ্যুৎ ব্যবহারে সবাইকে সাশ্রয়ী হওয়ার জন্য বলা হয় | ১ ডেপুটি জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি, সালথা,ফরিদপুর।<br>২. ডেপুটি জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি, সালথা,ফরিদপুর।<br>৩. ডেপুটি জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি, সালথা,ফরিদপুর।<br>৪. উপজেলা প্রশাসন, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা,ও অফিসার ইন চার্জ ,সালথা থানা |
|---|---|---|

অতঃপর অন্য কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোছাঃ তাছলিমা আকতার)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি
সালথা, ফরিদপুর

তারিখ ঃ ২৭/০৯/২০২২ খ্রিঃ

স্মারক নং ০৫.১২.২৯৯০.০০০.০৭.০০১.২২. ১১০৮

অনুলিপি ঃ সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো।

০১। জেলা প্রশাসক, ফরিদপুর।
০২। পুলিশ সুপার, ফরিদপুর।
০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সালথা, ফরিদপুর।
০৪। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সালথা, ফরিদপুর।
০৫। অফিসার ইন চার্জ, সালথা থানা/উপজেলা ........................................................................ অফিসার, সালথা, ফরিদপুর।
০৬। চেয়ারম্যান ................................................................ (সকল) ইউ.পি; সালথা, ফরিদপুর।
০৭। জনাব ...............................................................................................
সদস্য, উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি, সালথা, ফরিদপুর।
০৮। অফিস নথি।

উপজেলা নির্বাহী অফিসার
সালথা, ফরিদপুর।